

জাদুকররা যখন মূসা(আঃ) এর কাছে পরাজিত হয়ে আল্লাহর উপর ঈমান আনলো এবং ফেরাউন তার সভাসদ ও বিপুল সংখ্যক জনতার সামনে সেজদাবনত হল, তখন ফেরাউন বললোঃ আমি তোমাদের হাত পা বিপরীত দিক থেকে কেটে তোমাদেরকে শুলিবিদ্ধ করবো।

আসসালামু আলাইকুম ওয়া রহমতুল্লাহি ওয়া বারাকাতুহ

বিসমিল্লাহির রহমানুর রাহীম

আজকের আলোচনার বিষয়বস্তু হচ্ছেঃ জাদুকররা যখন মূসা(আঃ) এর কাছে পরাজিত হয়ে আল্লাহর উপর ঈমান আনলো এবং ফেরাউন তার সভাসদ ও বিপুল সংখ্যক জনতার সামনে সেজদাবনত হল, তখন ফেরাউন বললোঃ আমি তোমাদের হাত পা বিপরীত দিক থেকে কেটে তোমাদেরকে শুলিবিদ্ধ করবো।

পবিত্র কোরআনে ইরশাদ হচ্ছেঃ

সূরা ২০ত্বা-হা, আয়াতঃ ৭১

قَالَ آمَنْتُمْ لَهُ قَبْلَ أَنْ آذَنَ لَكُمْ إِنَّهُ لَكَبِيرِكُمْ الَّذِي عَلَّمَكُمُ السِّحْرَ فَلَأُقَطِّعَنَّ
أَيْدِيَكُمْ وَأَرْجُلَكُمْ مِنْ خِلَافٍ وَلَا تُصَلِّبُنَا فِي جُذُوعِ النَّخْلِ وَلِتَعْلَمَنَّ أَيْنَا
(71) أَشَدُّ عَذَابًا وَأَبْقَى

click here <http://www.morningbrightness.fi/>
@morningbrightness603

<https://www.facebook.com/profile.php?id=61556404990345>

অর্থঃ ফেরাউন বললোঃ কি, আমি তোমাদের অনুমতি দেয়ার পূর্বেই তোমরা মূসার উপর বিশ্বাস স্থাপন করলে? দেখছি, সে তো তোমাদের প্রধান, সে তোমাদের যাদু শিক্ষা দিয়েছে, সুতরাং আমি অবশ্যই তোমাদের হাত-পা বিপরীত দিক থেকে কেটে ফেলবো এবং তোমাদের খেজুর গাছের কাণ্ডে শুলিবিদ্ধ করবোই এবং তোমরা অবশ্যই জানতে পারবে আমাদের মধ্যে কার শাস্তি কঠোর ও অধিক স্থায়ী।

জাদুকরদের সংখ্যাঃ ইবনে আবী হাতিম(রহঃ), ইবনে আব্বাস(রাঃ) বর্ণনা করেন যে, জাদুকরের সংখ্যা ছিল ৭০ জন(ইবনে আবী হাতিম ৭/২৪২৮)। সকালে তারা ছিল জাদুকর, কাফের। সন্ধ্যায় হয়ে গেল মু'মিন।

জনতার সংখ্যাঃ মুহম্মদ ইবনে কা'বের(রহঃ) উক্তি। উপস্থিত জনতার সংখ্যা ছিল ৮০,০০০(আশি হাজার)।

ফেরাউন জাদুকরদের হাত-পা বিপরীত দিক থেকে কেটে শূলে চড়িয়ে হত্যা করলো। জাদুকররা আল্লাহর পথে শহীদ হলেন।

ইকরিমাহ(রহঃ) এবং কাসিম ইবনে বিয্যার(রহঃ) বলেন যে, যাদুকরেরা যখন মাটিতে মাথা ঠেকিয়ে সেজদায় পড়ে যান, তখন তাদের মাথা উত্তোলন করার আগেই আল্লাহ সুবাহানাছ ওয়া তা'য়লা জান্নাতে তাদের বাসস্থান দেখিয়ে দেন। (তাবারী ১৮/৩৩৪)।

ফেরাউন স্বচক্ষে দেখতে পেল যে, যে যাদুকরদের মাধ্যমে সে মূসা(আঃ) এর উপর জয়ী হবে ভেবেছিল, সেই যাদুকররাই নিজেদের পরাজয় স্বীকার করে নিল এবং সারা জাহানের মালিক আল্লাহর প্রতি সেজদাবনত হলো। এইভাবে ফেরাউন

click here <http://www.morningbrightness.fi/>
@morningbrightness603

<https://www.facebook.com/profile.php?id=61556404990345>

সবার সামনে পরাজিত ও অপমানিত হল, যা এর পূর্বে আর কখনো ঘটেনি। কিন্তু ফেরাউন ঈমান আনলো না। বরং ঈমান বলে বলীয়ান যাদুকরদের নির্মম ভাবে হত্যা করলো। আল্লাহ জাদুকর ঈমানদার শহীদদের প্রতি সন্তুষ্ট হন। এবং আমাদেরকে ঈমানদার বান্দাহ্ হওয়ার তৌফিক দান করুন।

আমীন।

আসসালামু আলাইকুম ওয়া রহমতুল্লাহি ওয়া বারাকাতুহ্।

.....

clickhere<http://www.morningbrightness.fi/>
@morningbrightness603

<https://www.facebook.com/profile.php?id=61556404990345>